দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 FEB 2014
পৃষ্ঠা ৩ কলাম ২

# অচিরেই সব বিশ্ববিদ্যালয়ে হাইস্পিডের ইন্টারনেট

## উচ্চ শিক্ষার মানোন্নয়নে উপ-প্রকল্প প্রস্তাব আহ্বান

■ ইত্তেফাক রিপোর্ট

সরকারি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর কাছে উপ-প্রকল্পের প্রস্তাব আহ্বান করেছে উচ্চ শিক্ষা মানোন্নয়ন প্রকল্পের (হেকেপ) আওতায় বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি)। প্রতিটি উপ-প্রকল্পের জন্য সর্বনিম্ন ২৫ লাখ থেকে সর্বোচ্চ ৫ কোটি টাকা বরাদ্দ দেয়া হবে। শনিবার রাজধানীর সিরডাপ মিলনায়তনে আয়োজিত সাংবাদিক সম্মেলনে ইউজিসি এ আহ্বান করেন। ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী সম্মেলনে বক্তব্য রাখেন।

অধ্যাপক আজাদ চৌধুরী বলেন, চার বছর আগে উচ্চ শিক্ষায় শিক্ষার্থী ছিল ১.৬ মিলিয়ন আর এখন তা বেড়ে দাঁড়িয়েছে ২.৬ মিলিয়ন। কিন্তু শিক্ষার্থী বাড়লেই হবে না এর মানোন্নয়নও করতে হবে। সে লক্ষ্যেই হেকেপ প্রকল্পের শুরু। কিন্তু একসময় এ প্রকল্পটি হাতছাড়া হওয়ার উপক্রম হয়েছিল। আমরা দায়িত্ব নেয়ার পর থেকে বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত এ প্রকল্পটির ব্যাপারে সন্তুষ্টি প্রকাশ করা হয়। এখন আবার ঐ প্রকল্পের মেয়াদ বাড়ানো হয়েছে। তাই এ প্রকল্পের জন্য আমরা উপ-প্রকল্প প্রস্তাব আহ্বান করছি।

ইউজিসি চেয়ারম্যান বলেন, 'এ প্রকল্পের আওতায় আমরা ২০টি বিশ্ববিদ্যালয়কে হাইস্পিড ইন্টারনেটের আওতায় এনেছি। কিছু বিশ্ববিদ্যালয়ে ডিজিটাল ক্লাসরুম ও লাইব্রেরি স্থাপন করেছি। অচিরেই সকল বিশ্ববিদ্যালয়ই এর আওতায় আসবে। কিছু পাবলিক বিশ্ববিদ্যালয়ে অস্থিরতা আছে। কিছু বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মান নিয়ে প্রশ্ন আছে। এগুলোর উন্নয়নেও আমরা এ প্রকল্পের মাধ্যমে কাজ করছি। আমাদের বিশ্ববিদ্যালয়গুলোতে পিএইচডি প্রফেসরের সংকট রয়েছে। যারা এ ডিগ্রি অর্জন করতে চায় তাদের জন্যও এ প্রকল্পে গবেষণার সুযোগ রাখা হয়েছে। এ প্রকল্প বাস্তবায়ন হলে আমরা উচ্চ শিক্ষার মান বিশ্ব পর্যায়ে নিয়ে যেতে পারবো।'

অনুষ্ঠানে ইউজিসির সদস্য অধ্যাপক ড. এম মুহিবুর রহমান, অধ্যাপক ড. আবুল হাশেম, অধ্যাপক ড. মোহাম্মদ মহব্বত খান, অধ্যাপক ড. মো. আখতার হোসাইন, হেকেপ-এর প্রকল্প পরিচালক কানিজ ফাতেমা, বিশ্ব ব্যাংকের প্রতিনিধি মোকাদ্দেছুর রহমান প্রমুখ উপস্থিত ছিলেন।

সম্মেলনে জানানো হয়, হেকেপ প্রকল্পের মূল উদ্দেশ্য হলো উচ্চশিক্ষার ক্ষেত্রে উদ্ভাবনী ও জবাবদিহিতামূলক কার্যক্রমে উৎসাহ প্রদান করা ও অর্থায়ন করা এবং কারিগরি ও প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির মাধ্যমে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষা ও গবেষণা কর্মের গুণগত মানোন্নয়ন করা। ২০০৯-২০১৩ পর্যন্ত এ প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় ছিল ৬৮১.০৪ কোটি টাকা। ২০১৩ সালে এ প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় হয় ৭৫২.৬৬ কোটি টাকা। বিশ্ব ব্যাংকের সূচকে প্রকল্পটি সন্তোষজনক পর্যায়ে উন্নীত হওয়ার পর বিশ্ব ব্যাংক প্রকল্পের মেয়াদ ২০১৩ থেকে ২০১৮ তে বৃদ্ধি করেছে এবং বিভিন্ন কম্পোনেন্টের জন্য অধিকতর প্রকল্প সাহায্য দিতে সম্মত হয়েছে।